



প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশেষ সংবাদ সম্মেলন দুপুরে



ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে আজ বুধবার (১৬ সেপ্টেম্বর) বিশেষ সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হবে। দুপুর ১২টায় কার্যালয়ের ‘করবী’ হলে এ সংবাদ সম্মেলনের আয়োজন করা হয়েছে।

প্রধানমন্ত্রীর প্রেস উইং বিষয়টি নিশ্চিত করেছে। সংবাদ সম্মেলনে প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন, প্রেস সচিব ও কার্যালয়ের মুখপাত্র সালেহ শিবলী এবং অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত থাকবেন।

তবে সংবাদ সম্মেলনে কোন বিষয়ে বক্তব্য দেওয়া হবে, সে বিষয়ে বিস্তারিত জানানো হয়নি।

LENS ASIA